



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিভিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

Web : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিক্ষা/পরি-মাধ্য/পরি-১১/২০২২ (অংশ-১০)/১৭৫২(২১৮)

তারিখ: ২৯.০৪.২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: এসএসসি পরীক্ষা-২০২৬ চলাকালীন অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে উত্তরপত্র সংরক্ষণ ও প্রেশন সেন্ট্রাল কেন্দ্র সচিবদের প্রতি জরুরি নির্দেশনা।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন চলমান এসএসসি পরীক্ষা-২০২৬ এর কেন্দ্র সচিবগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশে অতিরিক্ত বৃষ্টিপাত পরিলক্ষিত হচ্ছে। এর ফলে পরীক্ষার উত্তরপত্র ভিজে যাওয়ার সম্ভাবনা রয়েছে, যা পরীক্ষার গোপনীয়তা ও মূল্যায়ন কার্যক্রম এবং ফলাফল তৈরিতে বিঘ্ন সৃষ্টি হবে।

এমতাবস্থায়, সকল কেন্দ্র সচিবগণকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো:

১. পরীক্ষা শেষে সকল উত্তরপত্র যথাযথভাবে গুছিয়ে শক্তভাবে বাঁড়েল করতে হবে।
২. প্রতিটি প্যাকেট পলিথিন দ্বারা ভালোভাবে মুড়িয়ে জলরোধী ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. উত্তরপত্র প্রেরণের সময় সূটির পানি থেকে রক্ষার জন্য অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. পরিবহনের সময় দায়িত্বভার ব্যক্তিকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে কোনো অবস্থাতেই উত্তরপত্র ভিজে না যায়।
৫. প্রয়োজনবোধে জলরোধী ব্যাগ/কভার ব্যবহার করার নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন না হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দায়ী থাকবেন।

উক্ত বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে সকল কেন্দ্র সচিবকে নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪

Email: ce@bise-ctg.gov.bd

প্রাপক

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন অনুষ্ঠিত এসএসসি পরীক্ষা ২০২৬ এর সকল কেন্দ্র সচিবগণ।